গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ক্রীড়া পরিদপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
মওলানা ভাসানী স্টেডিয়াম, ঢাকা।
www.ds.gov.bd

নং: ৩৪.০২.২৬৬৫.০০০.১০৩.০৬.০০০১.২৫- ১০০১ তারিখ: ২৪ আগস্ট ২০২৫

বিষয়: ক্রীড়া পরিদপ্তরের অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ মোস্তফা জামান<br>পরিচালক (যুগ্মসচিব), ক্রীড়া পরিদপ্তর, ঢাকা |
| সভার তারিখ ও সময় | : | ২৪ আগস্ট ২০২৫ খ্রি. বিকাল- ২.৩০ টা |
| স্থান | : | পরিচালকের কক্ষ, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য |

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শুরু করেন। সভাপতির নির্দেশক্রমে সহকারী পরিচালক, ক্রীড়া পরিদপ্তর সভা পরিচালনা করেন। ক্রীড়া পরিদপ্তরের অভ্যন্তরীণ সমন্বয় সভায় বিষয়ভিত্তিক আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| নং | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১. | ডি-নথি সংক্রান্ত | ডি-নথি সংক্রান্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং ডি-নথির মাধ্যমে জনাব মোঃ মোফাজ্জল হোসেন, প্রধান সহকারী ও জনাব মোঃ ফরহাদ হোসেন, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পত্র জারির কার্যক্রম করা শুরু করেছেন। | মন্ত্রণালয়ে প্রেরিতব্য সকল মাসিক, ত্রৈমাসিক, ষান্মাসিক ও বাৎসরিক রিপোর্ট ডি-নথির মাধ্যমে প্রদানের বিষয়ে সিদ্ধান্ত হয় এবং ডি-নথির মাধ্যমে জনাব মোহাম্মদ হাছান তারেক, প্রধান সহকারী এবং জনাব মোঃ জহুরুল হক জনি ও মোঃ ফিরোজ হাসান, অফিস সহ: কা: ক: মু: পত্র জারি করবেন। | সংশিষ্ট সকল শাখা, ক্রীড়া পরিদপ্তর ও জেলা ক্রীড়া অফিসার (সকল)। |
| ২. | বিভাগীয় মামলা সংক্রান্ত | ১। জনাব সম্রাট মন্ডল<br>২। জনাব মোঃ মাহামুদ হাছান আরজু এর বিভাগীয় মামলা নিষ্পত্তি হয়েছে। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) ও প্রধান সহকারী |
| ৩. | রিট মামলা সংক্রান্ত | ১। আব্দুল আজিজ ও গং<br>২। মোঃ মনজুরুল হাসান ও গং<br>৩। মোহাম্মদ হাছান তারেক<br>৪। নাজমা রশিদ (বাস্তবায়ন মামলা) এর রিট মামলা চলমান রয়েছে। | এটর্নি জেনারেল DIG এর সাথে যোগাযোগ করে শুনানীর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) |
| ৪. | অডিট আপত্তি সংক্রান্ত | সর্বমোট অডিট আপত্তি ৩৫ টি।<br>মোট টাকার পরিমান- ৩,৭৩,০৯,৩৭৮/- (তিন কোটি তেহাত্তর লক্ষ নয় হাজার তিন শত আটাত্তর) টাকা। | ১। অডিট আপত্তি নিষ্পত্তির জন্য তৃপক্ষীয় ও দ্বিপক্ষীয় সভার জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র দিতে হবে।<br>২। সংশ্লিস্ট সকলের সাথে যোগাযোগ করে অডিট আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) এবং জনাব মোঃ জহুরুল হক জনি, অ:সহ:কা:ক:মুদ্রা: |
| ৫. | জনবল নিয়োগ | ক্রীড়া পরিদপ্তর ও এর আওতাধীন দপ্তর/সংস্থার ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারী নিয়োগের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত | ১। BTCL এর সাথে চুক্তি করতে হবে।<br>২। নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন | সহকারী পরিচালক (প্রশাসন) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | আলোচনা হয়। | করতে হবে। আগামী ১৫ দিনের মধ্যে এ সংক্রান্ত কমিটির সভা আহ্বান করতে হবে। | |
| ৬. | পদ সৃজন | ১। বিভাগীয় অফিস সম্পর্কিত আলোচনা হয়।<br>২। উপজেলা পর্যায়ে ক্রীড়া অফিস স্থাপন বিষয়ে আলোচনা হয়।<br>৩। ক্রীড়া পরিদপ্তরে ICT Cell গঠনের নিমত্ত যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কার্যবিবরণী ক্রীড়া পরিদপ্তরে প্রেরন করা হয়। কার্যবিবরণীতে ICT Cell গঠন বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। বিভাগীয় পর্যায়ে অফিস স্থাপনে ৩৫ টি পদ সৃজনের নিমিত্ত ৬ষ্ঠ বারের মতো অর্থ মন্ত্রণালয়ে প্রস্তাব পাঠানো হয়েছে।<br>২। উপজেলা পর্যায়ে ক্রীড়া অফিস স্থাপনে ২০১ টি পদ সৃজনের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব পাঠানো হয়েছে।<br>৩। ICT Cell গঠনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের নিমিত্ত প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র পাঠাতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) |
| ৭. | সিটিজেন চার্টার হালনাগাদ | সিটিজেন চার্টারের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় ক্রীড়া পরিদপ্তর, জেলা ক্রীড়া অফিস এবং সরকারি শারীরিক শিক্ষা কলেজসমুহের সিটিজেন চার্টার হালনাগাদ বা সংশোধন করা প্রয়োজন। | সহকারী পরিচালক (সংগঠন) জনাব মোঃ আজিম হোসেন সরকারি শারীরিক শিক্ষা কলেজ ও ১০টি জেলা ক্রীড়া অফিসের ওয়েবসাইট পরিদর্শন করে আওতাধীন দপ্তর/সংস্থার সিটিজেন চার্টার ও ওয়েবসাইটের তথ্য আগামী ৭ দিনের মধ্যে পরিচালক, ক্রীড়া পরিদপ্তরকে অবহিত করবেন। | জনাব মোঃ আজিম হোসেন, সহকারী পরিচালক (সংগঠন) |
| ৮. | ওয়েবসাইট হালনাগাদকরণ | ক্রীড়া পরিদপ্তর, সকল জেলা ক্রীড়া অফিস ও সরকারি শারীরিক শিক্ষা কলেজের ওয়েবসাইট হালনাগাদ বিষয়ে আলোচনা হয়।<br>১। জেলা ক্রীড়া অফিস কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন প্রশিক্ষণ ও প্রতিযোগিতা কর্মসূচির ছবি, ভিডিও এবং খেলোয়াড় তালিকা ওয়েবসাইটে আপলোড ও হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয়।<br>২। সরকারি শারীরিক শিক্ষা কলেজে অধ্যয়নরত বিপিএড ও এমপিএড প্রশিক্ষণার্থীদের ডাটাবেজ (নাম, ঠিকানা, মোবাইল নম্বরসহ যাবতীয় তথ্য) ওয়েবসাইটে আপলোড ও হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয়। | সহকারী পরিচালক (সংগঠন) জনাব মোঃ আজিম হোসেন সরকারি শারীরিক শিক্ষা কলেজ ও ১০টি জেলা ক্রীড়া অফিসের ওয়েবসাইট পরিদর্শন করে জেলার ওয়েবসাইটের তথ্য আগামী ৭ দিনের মধ্যে পরিচালক, ক্রীড়া পরিদপ্তরকে অবহিত করবেন। | জনাব মোঃ আজিম হোসেন, সহকারী পরিচালক (সংগঠন) |
| ৯. | গাড়ি সংক্রান্ত | পরিচালক, ক্রীড়া পরিদপ্তর গাড়ি সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। এছাড়া গাড়ির ট্যাক্স টোকেন বকেয়ার বিষয়ে আলোচনা হয়। | ক্রীড়া পরিদপ্তরের গাড়ির জ্বালানী ব্যয় সংকোচন করতে হবে এবং গাড়ির ট্যাক্স টোকেন মওকুফের প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) ও মোঃ আমির হোসেন, গাড়ি চালক |
| ১০. | অফিস স্থানান্তর | পরিচালক, ক্রীড়া পরিদপ্তর অফিস পরিবর্তন সম্পর্কে আলোচনা করেন। সকল কর্মকর্তা ও কর্মচারীগণের মতামত অনুসারে ক্রীড়া পরিদপ্তরের প্রধান কার্যলয় মতিঝিল এনএক্স ভবন-২ তে দ্রুত সময়ের মধ্যে অবস্থান করার। | ১। ১ সেপ্টেম্বর ২০২৫ মাসের মধ্যে ক্রীড়া পরিদপ্তর নতুন অফিস মতিঝিল এনেক্স-২ ভবন এ স্থানান্তর করা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী পরিচালক (সংগঠন) |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মোস্তফা জামান
পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ০২-৪১০৫৩৮১৫
ই-মেইল: director@ds.gov.bd

নং: ৩৪.০২.২৬৬৫.০০০.১০৩.০৬.০০০১.২৫- ১০০১ তারিখ: ২৪ আগস্ট ২০২৫

**বিতরণ: কার্যার্থে**

১. অধ্যক্ষ, সরকারি শারীরিক শিক্ষা কলেজ, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা (বাগেরহাট)/বরিশাল/ময়মনসিংহ;

২. জেলা ক্রীড়া অফিসার (সকল) ..................................;

৩. পরিচালকের একান্ত সহকারী (পরিচালক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে), ক্রীড়া পরিদপ্তর, ঢাকা;

৪. জনাব ...............................................পদবি: ...............................................;

**সদয় অবগতি:**

১. সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২. অফিস কপি।

এস, আই, এম ফেরদৌউস আলম
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন: ০২-৪১০৫৩৮১৭
ই-মেইল: ada@ds.gov.bd